

পলায়ন (Desertion) বলতে কী বুঝায়? ঐ অপরাধে কোন কোন শাস্তি প্রযোজ্য?

সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-২ (ডি) | অনুযায়ী “পলায়ন” অর্থ অনুমতি ব্যতীত চাকুরী ত্যাগ বা কর্তব্য হইতে ৬০ দিন বা ততোধিককাল বিনা অনুমতিতে অনুপস্থিত থাকা অথবা অনুমোদিত অনুপস্থিতির এ ধারাবাহিকতায় ৬০ দিন বা ততোধিককাল পুনঃ অনুমতি গ্রহণ ব্যতীত অনুপস্থিতি থাকা

অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ এবং ৩০ দিন বা ততোধিক কাল বিদেশে অবস্থান অথবা অনুমতি গ্রহণক্রমে দেশ ত্যাগ করিবার পর অনুমোদিত সময়কালের অতিরিক্ত ৬০ দিন বা ততোধিককাল পুনঃ অনুমতি গ্রহণ ব্যতীত বিদেশে অবস্থান করা।

উক্ত অপরাধে কোন কর্মচারী পলায়ন (Desertion) এর অভিযোগে অভিযুক্ত হইলে বিভাগীয় কার্যক্রম গ্রহণপূর্বক তাহার উপর যে কোন দণ্ড আরােপ করা যাইবে। দন্ডগুলি হইতেছে

১। (ক) নিম্নপদে অবনমিতকরণ বা(খ) নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ

২। বাধ্যতামূলক অবসর

৩। চাকুরী হইতে অপসারণ